

Times Today BD

আলমগীর হান্নান | দেশজুড়ে | 03 April, 2025

খুলনার শীর্ষ সন্ত্রাসী সন্ত্রাসী গেনেড বাবুকে গ্রেপ্তারে নগরীর শামসুর রহমান রোডে অভিযান পরিচালনা করেছে যৌথ বাহিনী। বৃহস্পতিবার রাত ১ টা থেকে শুরু হয়ে ভোর সাড়ে ৬ পর্যন্ত চলে এ অভিযান অভিযানের সময়ে গেনেড বাবুর ঘর থেকে যৌথ বাহিনী নগদ টাকা, অস্ত্র এবং গোলাবারুদ উদ্ধার করে। এ ঘটনায় গেনেড বাবুর পিতা, ভাই এবং ম্যানেজারের মাকে আটক করে তারা।

আটক হওয়া ব্যক্তিরা হলেন, গেনেড বাবুর বাবা মিন্টু চৌধুরী, ছোটভাই রাকিব চৌধুরী এবং ম্যানেজারের মা সুসমা রানী সাহা।

খুলনা থানার অফিসার ইনচার্জ হাওলাদার সানোয়ার হুসাইন মাসুম অভিযানের বিষয়ে নিশ্চিত করে বলেন, রাত ১ টার দিকে খুলনার শীর্ষ সন্ত্রাসী গেনেড বাবুকে গ্রেপ্তারের জন্য বাড়িতে পুলিশ, নৌবাহিনী এবং সেনাবাহিনীর নেতৃত্বে গঠিত যৌথ বাহিনীর অভিযান চালানো হয়। অভিযানের সময় সন্ত্রাসী গেনেড বাবুকে বাড়িতে পাওয়া যায়নি। তবে তার বাড়ি থেকে যৌথ বাহিনীর সদস্যরা ১ টি নাইন এম এম পিস্তল, একটি ম্যাগজিন, ৪ রাউন্ড পিস্তলের গুলি এবং নগদ ১২ লাখ ১২ হাজার টাকা সন্ত্রাসী গেনেড বাবুর বাড়ি থেকে উদ্ধার করা হয়। এরপরে সন্ত্রাসী গেনেড বাবুর বাড়ির পাশে একটি মন্দিরের পাশে ওই সন্ত্রাসীর ম্যানেজার সৌরভ এবং সোহাগের বাড়িতে অভিযান চালিয়ে সেখান থেকে মাদক বিক্রির ১২ লাখ টাকার এবং ভারতীয় ৪ হাজার ২৪০ রুপি উদ্ধার করা হয়। এ সময়ে জিজ্ঞাসাবাদের জন্য তাদের মাকে আটক করে থানায় নেওয়া হয়।

তিনি আরও বলেন, অস্ত্র উদ্ধারের ঘটনায় খুলনা থানায় একটি মামলা হবে। ওই মামলায় গেনেড বাবুর ছোটভাই রাকিব চৌধুরী এবং তার পিতা মিন্টু চৌধুরীকে গ্রেপ্তার দেখানো হবে। আর সৌরভ এবং সোহাগের মা সুসমা রানী সাহাকে মানি লন্ডারিং মামলায় গ্রেপ্তার দেখানো হবে।

সন্ত্রাসী গেনেড বাবু খুলনা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 April, 2025 00:07

URL: <https://timestodaybd.com/across-the-country/444694282>